

০৮/২০২২ মাসের অনুষ্ঠিত উপজেলা পরিষদ যোগাযোগ ও ভৌত অবকাঠামো সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী

সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ

সভার তারিখ : ০৮.০৩.২০২২ খ্রি. সকাল ১০.৩০ ঘটিকায়

সভাপতি : মোছাঃ সাকিলা বেগম, মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ।

উপস্থিতি তালিকাঃ পরিশিষ্ট- ক

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব বিগতসভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন ধরনের সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করেন। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র:নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	নিয়মিত উপজেলা পরিষদ যোগাযোগ ও ভৌত অবকাঠামো সংক্রান্ত কমিটির সভাকরণ	প্রতি দুই মাস পর পর ০৭ তারিখের মধ্যে উপজেলা পরিষদ যোগাযোগ ও ভৌত অবকাঠামো সভা আহ্বান করে সভার সুপারিশসহ কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার, মহোদয়ের কার্যালয়ের প্রেরণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিষদ যোগাযোগ ও ভৌত অবকাঠামো সংক্রান্ত কমিটি
২.	উপজেলা পরিষদ যোগাযোগ ও ভৌত অবকাঠামো কার্যক্রমের অবস্থা	২০২০-২০২১ অর্থ বছরের রাজস্ব উদ্বৃত্ত অর্থ দ্বারা গৃহীত প্রকল্প কাজ নির্ধারিত ঠিকাদার কর্তৃক দ্রুত শেষ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামোর সাথে সংশ্লিষ্ট সকল দপ্তরের সার্বিক অবস্থা সন্তোষজনক মর্মে জানান। বিভিন্ন ইউনিয়নে চলমান বিভিন্ন কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে যথাযথভাবে দায়িত্ব পালনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিষদ যোগাযোগ ও ভৌত অবকাঠামো সংক্রান্ত কমিটি

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



সভাপতি

উপজেলা যোগাযোগ ও ভৌত  
অবকাঠামো সংক্রান্ত কমিটি

গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

তারিখ : ০৮.০৩.২০২২ খ্রি.

স্মারক নং-

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
২. উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৩. ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৪. চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৫. অফিস কপি।



সদস্য সচিব

উপজেলা যোগাযোগ ও ভৌত

অবকাঠামো সংক্রান্ত কমিটি

গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।